টাঙ্গাইল জেলাধীন সখিপুর উপজেলার ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রতিবেদন

প্রশিক্ষণের তারিখ ঃ ০৪/১২/২০২৩ খ্রিঃ ।
উপজেলাঃ সখিপুর ।
স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসের কনফারেন্স রুম, সখিপুর।

প্রশিক্ষণের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও গীতা পাঠের মাধ্যমে এবং উপস্থিত সকলের পরিচয় পর্ব দিয়ে দিনব্যাপী ভ্রাম্যমান প্রশিক্ষণটি শুরু হয়। প্রশিক্ষণার্থী সমবায়ীগণের প্রত্যাশার আলোকে নির্ধারিত বিষয়ের উপর উপস্থিত অতিথি প্রশিক্ষকবৃন্দ ও সমবায় বিভাগীয় কর্মকর্তা, প্রশিক্ষকবৃন্দ বক্তব্য রাখেন। প্রশিক্ষকবৃন্দের বক্তব্য উপস্থিত সমবায়ীগণ মনোযোগ সহকারে শ্রবন-গ্রহন করেন এবং প্রশ্ন-উত্তর পর্বের মধ্য দিয়ে একটি প্রাণবন্ত ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় ।

অতিথি প্রশিক্ষক বৃন্দের বক্তব্য ঃ

১। জনাব ফারজানা আলম, উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল। তিনি নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়ের নির্দেশনা মোতাবেক সমবায় আইন বিধি সম্পর্কিত আলোচনা করেন এবং উপস্থিত সমবায়ীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন ও সকলকে সামাজিক দূরত্ব বজায় রাখাসহ স্বাস্থ্যবিধি অনুসরণের পরামর্শ প্রদান করেন।

২। জনাব মোঃ আব্দুর রহিম, উপজেলা সমবায় কর্মকর্তা, সখিপুর, টাঙ্গাইল। । তিনি উপস্থিত সমবায়ীগণের চাহিদা অনুযায়ী সমবায় সমিতি কি ও কেন, সমবায়ের সংক্ষিপ্ত ইতিহাস, সমবায় সমিতি আইন ও বিধিমালার গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং সমবায়ীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন ।

৩। জনাব ইসমত আরা খাতুন, উপজেলা কৃষি অফিসার, সখিপুর, টাঙ্গাইল। তিনি বাড়ির আঙ্গিনায় শাক-সবজি, ফলমূল চাষের মাধ্যমে সমবায় সমিতির সদস্যদের আয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আয় বৃদ্ধির মাধ্যমে সমবায় সমিতির সদস্যদের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও সমবায়ীগণের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

জেলা সমবায় কার্যালয়ের প্রশিক্ষক ও সহকারী প্রশিক্ষকবৃন্দের বক্তব্য ঃ

১। সমবায় সমিতির নির্বাচন, বার্ষিক সাধারন সভা, অডিট সংশোধনী দাখিল বিষয়ে বক্তব্য রাখেন এবং সমবায়ীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন জনাব শিপ্রা দেবনাথ, প্রশিক্ষক, জেলা সমবায় কার্যালয়, টাঙ্গাইল ও জনাব মোঃ সাইদুর রহমান, সহকারী প্রশিক্ষক, জেলা সমবায় কার্যালয়, টাঙ্গাইল ।

পরিশেষে, বিভিন্ন সমবায় সমিতির সমবায়ীগণ এই ভ্রাম্যমান প্রশিক্ষণ আনন্দ-উদ্দীপনার মধ্য দিয়ে সাদরে গ্রহন করেন এবং তাদের সমবায় সমিতি পরিচালনার ক্ষেত্রে এই ভ্রাম্যমান প্রশিক্ষণ শ্রবণিত জ্ঞান খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে মনে করেন ।

০৪/১২/২০২৩

মোঃ আব্দুর রহিম
উপজেলা সমবায় অফিসার
সখিপুর, টাংগাইল।